দৈনিক
ইত্তেফাক

তারিখ 29 MAY 2009
পৃষ্ঠা ... কলাম ...

# আন্তর্জাতিক শিক্ষামেলা শুরু
## শেষ হচ্ছে ৩০ মে

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

ঢাকার শেরাটন হোটেলে গতকাল বৃহস্পতিবার থেকে শুরু হয়েছে ৩ দিনব্যাপী আন্তর্জাতিক শিক্ষামেলা। উচ্চ শিক্ষার্থে বিদেশ গমনে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের সঠিক তথ্য ও দিক-নির্দেশনা পেতে এ মেলা সহায়ক ভূমিকা পালন করবে। মেলায় দেশ-বিদেশের ৫৩টি শিক্ষা প্রতিষ্ঠানের ৬৫টি ছোট-বড় স্টল অংশ নিচ্ছে। মেলার স্টলগুলোতে বাংলাদেশ, বৃটেন, আমেরিকা, মালয়েশিয়া, অস্ট্রেলিয়া, আয়ারল্যান্ডসহ বিভিন্ন দেশের সুনাম অর্জনকারী কলেজ ও বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিরা উপস্থিত থাকবেন। ফলে আগ্রহী শিক্ষার্থীরা একদিকে যেমন দেশের ও দেশের বাইরের শিক্ষা ব্যবস্থা সম্পর্কে জানতে পারবেন, অপরদিকে বিদেশী শিক্ষা প্রতিষ্ঠানে সহজে ভর্তি প্রক্রিয়া, টিউশন ফিসহ অন্যান্য সুযোগ-সুবিধা সম্পর্কে বিস্তারিত জানার সুযোগ পাবেন, যা তাদের উচ্চ শিক্ষা লাভের পথকে সম্প্রসারিত করবে। অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ বিভিন্ন বিষয়ের ওপর কোর্স অফারসহ সেমিস্টারের সময়, এপ্লিকেশন ফরমেট ও আনুষঙ্গিক তথ্য প্রদান করবে। মেলায় দেশের বাইরের কলেজ, বিশ্ববিদ্যালয়, আইটি ইনস্টিটিউট, স্টুডেন্ট কাউন্সিলিং, ইমিগ্রেশন এবং ভাষা ইনস্টিটিউটের ৩০টিরও বেশী স্টল রয়েছে। গতকাল সকাল ১০টায় মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন আয়োজক প্রতিষ্ঠান ইথ্রি সলিউশন লিঃ-এর ব্যবস্থাপনা পরিচালক চানমোহন সাহা, পরিচালক সেলস সাজেদা চৌধুরী ও পরিচালক মোঃ রেজাউল করিম। উদ্বোধনের পরপরই উৎসুক শিক্ষার্থীদের পদভারে মেলা প্রাঙ্গণ মুখরিত হয়ে উঠে। এবার প্রতিদিন ৫ হাজারেরও বেশী দর্শনার্থীর আগমনের আশা করছেন আয়োজকরা। গতবারও এ মেলায় বেশ সাড়া পাওয়া গিয়েছিল। চ্যানেল আই, রেডিও এবিসি ও বিডিজবস ডটকম মেলার মিডিয়া পার্টনার। প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত মেলা সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে।

**মানারাতের বিশেষ অফার ঃ** মেলায় অংশগ্রহণকারী গুলশানের মানারাত ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি মেলা উপলক্ষে গরীব ও মেধাবীদের জন্য বিশেষ অফার ঘোষণা করেছে। এলএলবিতে ভর্তির বিশেষ চমকসহ মেলায় এমআইইউতে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের জন্য থাকছে বিশেষ সুবিধা। ২০০১ সালে সেবার মানসিকতা নিয়ে মানারাত গুলশানের অভিজাত এলাকায় প্রতিষ্ঠার পর থেকে ছাত্র-ছাত্রীদের বিশেষ সুযোগ-সুবিধা দিয়ে আসছে। প্রয়োজনীয় তথ্যের জন্য ০১৮১৯২৪৫৮৯৫ নাম্বারে যোগাযোগের জন্য অনুরোধ করা হয়েছে।